দৈনিক বাংলা

তারিখ ... 27/10/83 ...
পৃষ্ঠা... ... কলাম... ...

085

# ৪টি পৌরসভা এলাকায় প্রাথমিক শিক্ষা প্রশাসনে কমিটি

ঢাকা ও চট্টগ্রাম পৌর করপোরেশন এবং খুলনা ও রাজশাহী পৌরসভার আওতাধীন এলাকাগুলোর প্রাথমিক শিক্ষার প্রশাসন ও

(শেষ পৃঃ ৪-এর ক: দ:)

## ৪টি পৌরসভা

(১ম পৃঃ পর)

ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ক্ষমতা ও দায়িত্ব সরকার গঠিত কমিটিগুলোর নিয়ন্ত্রণে ন্যস্ত করা হয়েছে।

বুধবার ঢাকায় সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে বাসসের খবরে প্রকাশ, ঢাকা পৌর করপোরেশনের জন্য প্রাথমিক শিক্ষার মহাপরিচালক এবং চট্টগ্রাম পৌর করপোরেশন এবং খুলনা ও রাজশাহী পৌরসভাগুলোর জন্য প্রাথমিক শিক্ষা অফিসার এসব কমিটির প্রধান থাকবেন। এসব কমিটি গঠনের মধ্য দিয়ে এলাকাগুলোর প্রাথমিক শিক্ষা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ মুক্ত হবে।

সূত্র জানান, এ ব্যাপারে প্রাথমিক শিক্ষা ও ব্যবস্থাপনা সংক্রান্ত বর্তমান আইনের প্রয়োজনীয় সংশোধন করা হবে।